

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ

প্রধান কার্যালয়, ঢাকা

নোটিশ


আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এর পরিচালনা পর্ষদ বিনিয়োগ হিসাবের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করেছেন যা ০১ ফেব্রুয়ারী ২০১৮ হতে কার্যকর হবে :

১। নন-মার্জিন নন-ডিসক্রিশনারী বিনিয়োগ হিসাব : নন-মার্জিন নন-ডিসক্রিশনারী বিনিয়োগ হিসাব খোলার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে :

- প্রারম্ভিক জমা ৫,০০০ টাকা;
- ডকুমেন্টেশন ফি ৫০০ টাকা, পোর্টফলিও ম্যানেজমেন্ট ফি ০.৫০% এবং ব্রোকারেজ কমিশন ০.৩৫%;
- বিনিয়োগকারীর আবেদনের প্রেক্ষিতে শর্তপূরণ সাপেক্ষে মার্জিন হিসাবকে নন-মার্জিন হিসাবে রূপান্তরিত করা যাবে এবং সংশ্লিষ্ট ব্যয় বিনিয়োগকারী বহন করবেন। নন-মার্জিন বিনিয়োগ-কে মার্জিন বিনিয়োগ হিসাবে রূপান্তরিত করা যাবে না;
- ক্রেডিট স্থিতির উপরে কোনরূপ সুদ প্রদান করা হবে না এবং তার উপর ভিত্তি করে ক্রয় সীমা প্রদান করা হবে;
- নির্ধারিত ফরম পূরণপূর্বক অনুমোদন সাপেক্ষে বিনিয়োগকারীগণ ডিএসই মোবাইল অ্যাপস ব্যবহার করে সরাসরি শেয়ার ক্রয়-বিক্রয় করতে পারবেন এবং সংশ্লিষ্ট ব্যয় বিনিয়োগকারীগণ বহন করবেন;
- বিনিয়োগ হিসাব সংক্রান্ত অনলাইন সুযোগ সুবিধা এবং বিনিয়োগ হিসাব ম্যানুয়ালে উল্লেখিত অন্যান্য সুবিধা বিনিয়োগকারীগণ প্রাপ্ত হবেন;

০২। নন-ডিসক্রিশনারী মার্জিন বিনিয়োগ হিসাবে সেটেলমেন্ট চার্জ/ব্রোকারেজ কমিশন : বিনিয়োগ হিসাবে শেয়ার ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ব্রোকারেজ কমিশন ০.৪০% এর স্থলে ০.৩৫% হবে ।

০৩। নন-ডিসক্রিশনারী মার্জিন বিনিয়োগ হিসাবে প্রারম্ভিক জমা : নন-ডিসক্রিশনারী মার্জিন বিনিয়োগ হিসাবে প্রারম্ভিক জমা ১০,০০০ (দশ হাজার) টাকার এর পরিবর্তে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হবে ।


২৩-১-২০১৮
(মোঃ শফিউল আলম)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

